দিনাজপুর পৌরসভায় বহুখাত ভিত্তিক পুষ্টি সমন্বয় (এমএলএমএনসিসি) কমিটির ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত

দিনাজপুর পৌরসভাস্থ অধিবাসীদের পুষ্টিমান উন্নয়নেয় কর্মপরিকল্পনা সমন্বয়ে ও বাস্তবায়নের লক্ষ্যে মিউনিসিপ্যালিটি লেভেল মাল্টি-সেক্টরাল নিউট্রিশন কো-অর্ডিনেশন কমিটি (এমএলএমএনসিসি)'র ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

দিনাজপুর পৌরসভার আয়োজনে ও নাইস প্রকল্পের সহযোগিতায় গত ০২ নভেম্বর, ২০২৫ পৌরসভা কার্যালয়ে নবম বারের মতো অনুষ্ঠিত এ সভায় ৩৩ জন সরকারি, বেসরকারি, পুষ্টি বিশেষায়িত সংস্থা, সুশীল সমাজ, যুব ও ছাত্র প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

দিনাজপুর পৌরসভার প্রশাসক ও স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক **জনাব মোঃ রিয়াজ উদ্দিনের** সভাপতিত্বে এ সভায় স্বাগত বক্তব্য রাখেন নাইস প্রকল্পের ফিল্ড কো-অর্ডিনেটর সোহেল আহমেদ ও নাইস প্রকল্পের দিনাজপুর পৌরসভার ফোকাল পারসন মোঃ মিজানুর রহমান সিদ্দিকী।

সভায় নাইস প্রকল্পের প্রথম পর্যায়ের কার্যক্রম পর্যালোচনা, অগ্রগতি ও আগামীর পরিকল্পনা উপস্থাপন করেন সাফ বাংলাদেশের নাইস প্রকল্পের নিউট্রিশন স্পেশালিষ্ট নুসরাত আলম বিভা। তার উপস্থাপনায় নাইস প্রকল্পের মাধ্যমে শুধুমাত্র সচেতনতাই নয়, পাশাপাশি এগ্রোইকোলজিক্যাল পদ্ধতিতে উৎপাদন, চাহিদা ও সরবরাহে দিনাজপুর জেলায় বিগত চার বছরে উল্লেখযোগ্য প্রভাবের বাস্তবিক চিত্র তুলে ধরা হয়।

এ সময় বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদের উপপরিচালক ড. মোঃ আকতার ইমাম তার বক্তব্যে বলেন, **"আগামীতে শহরের পুষ্টি নিয়ে সরকারি কার্যক্রম বাস্তবায়নে শুধুমাত্র একটি প্রতিষ্ঠান এগিয়ে আসলে হবে না, সকলকে সমন্বিতভাবে কাজ করতে হবে।"** এরপর তিনি পৌরসভার এক বছরের পুষ্টি কার্যক্রমের কর্মপরিকল্পনা প্রণয়নে উপস্থিত সকল সদস্যের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে একটি বিশেষ সেশন পরিচালিত হয়।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার সারভেইলেন্স এন্ড ইম্যুনাইজেশন মেডিকেল অফিসার, যুব প্রতিনিধি হিসেবে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের স্কিল ডেভলপমেন্ট ক্লাবের সভাপতি ও সাধারণ সম্পাদক এবং শিক্ষার্থীদের প্রতিনিধি হিসেবে নিউট্রিশন ক্লাবের সদস্য হতে ১ জন প্রতিনিধি সভাপতির অনুমোদনে এই কমিটিতে নতুন সদস্য হিসেবে কো-অপ্ট করা হয়। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দিনাজপুর পৌরসভার নির্বাহী প্রকৌশলী মিনারুল ইসলাম খান, যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক খন্দকার রওনকুল ইসলাম, দিনাজপুর ভোক্তা অধিকারের সহকারী-পরিচালক বোরহান উদ্দীন, সিভিল সার্জন অফিসের সিনিয়র স্বাস্থ্য ও শিক্ষা অফিসার মোঃ সাইফুল ইসলাম, দিনাজপুর নিরাপদ খাদ্য অফিসার গৌতম কুমার সাহা, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক মোঃ মোর্শেদ আলী খান ও জেলা মৎস্য কর্মকর্তা তারিফুর রহমান সরকার।

সভাপতির বক্তব্যে জনাব মোঃ রিয়াজ উদ্দিন বলেন, **"আমাদের নিজ দায়িত্বে এই কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ করতে হবে। প্রয়োজনে অন্যান্য প্রতিষ্ঠান কিংবা সংস্থার সহযোগিতা নিতে হবে। বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ নিয়ে পৌরসভার সাথেও আপনারা সমন্বয় করতে পারেন, পৌরসভা সব সময় থাকবে।"** এর মধ্য দিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাটি সঞ্চালনা করেন প্রত্যয় চ্যাটার্জ্জী, প্রজেক্ট কো-অর্ডিনেটর, নাইস প্রজেক্ট, ইএসডিও।